



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৮৬২

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০

১০ জুলাই ২০২৩

বিষয়: ঢাকা বিভাগে বিভিন্ন খাতে বিতরণের লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে মোট ৩৩০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: ০১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা ০৫-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২-৩৬২১ নং স্মারক
০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী ০৯-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.৬৮০০.০০০.১৬.০০৫.২১.৮৭৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলায় চলতি জুলাই মাসে ওএমএস, ভিজিডি, ইপি-ওপিসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিএসডি হতে মোট ২৮০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল সাশ্রয় রুট বিবেচনায় সড়ক পথে বিভাগীয় চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা কর্তৃক সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। সূত্রস্থ ২ নং স্মারকে নরসিংদী খাদ্য গুদাম-১ ইপি, ওপি, ওএমএসসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য মজুত বৃদ্ধির করার লক্ষ্যে ৫০০ মে.টন সিদ্ধ চালের চলাচল সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী প্রস্তাব পর্যালোচনাপূর্বক গাজীপুর ও নরসিংদী জেলায় জুলাই/২৩ মাসে ওএমএস, ভিজিডি, ইপি-ওপিসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিএসডি হতে সাশ্রয় রুট বিবেচনায় সড়ক পথে মোট ৩৩০০ মে.টন আমদানিকৃত সিদ্ধচাল ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : ঢাকা বিভাগে আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---------|-------------|--------------------|-------------|--------------------------|----------------|---------------------|---------|---------|
| ১. | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সিএসডি | গাজীপুর | জয়দেবপুর এলএসডি | ২০০০ | আমদানিকৃত সিদ্ধ চাল | সড়ক পথ | |
| ২. | ঐ | ঐ | ঐ | কালিয়াকৈর এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঐ | কালিগঞ্জ এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | নরসিংদী | নরসিংদী (গ্রেড-১) এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৩৩০০ | | | |

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেসিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১০-৭-২০২৩

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৮৬২/১(৫)

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩০

১০ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক (ভারপ্রাপ্ত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



১০-৭-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক